



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড

ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd



নং পসব্য/প্রকা/পরি-৪২/২০১৯-২০/ ২১ ৬২

তারিখঃ ৩০/১১/২০২০খ্রি.


ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা।

বিষয়ঃ পল্লী এম্বুলেন্স/যাত্রী পরিবহন ক্রয় খাতে ঋণ মঞ্জুরের নীতিমালা।

পল্লী অঞ্চলের জনগণের সুবিধার্থে পল্লী এম্বুলেন্স/যাত্রী পরিবহন ক্রয় খাতে ঋণ বিতরণের নিমিত্তে পরিচালনা বোর্ডের ২৪/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত ৫৭তম সভায় ঋণ নীতিমালা অনুমোদন করা হয় যা আপনাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। নীতিমালায় উল্লিখিত শর্তাবলী পরিপালন করে স্বচ্ছতার সাথে ঋণ মঞ্জুর ও বিতরণ করার জন্য অনুরোধ করা হলো। ঋণ বিতরণে কোন অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।


(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক

অনুলিপিঃ

- ১) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২) জেলা প্রশাসক, -----জেলা।
- ২) মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা।
- ৪) জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প (সকল)।
- ৫) নথি।


৩০/১১/২০২০
মোঃ ইসমাইল মিয়া
সহকারী মহাব্যবস্থাপক



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইন্সটানগার্ডেনরোড,

ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd



পল্লী এ্যামুলেন্স/যাত্রী পরিবহন ক্রয়ের ঋণ প্রদান ও আদায় নীতিমালা, ২০২০

পটভূমি:

আমার বাড়ি আমার খামার প্রকল্প (পূর্ব নাম একটি বাড়ি একটি খামার প্রকল্প) মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার একটি অন্যতম বিশেষ উদ্যোগ। এ প্রকল্পের মূল লক্ষ্য ও উদ্দেশ্য দেশের দরিদ্র জনগোষ্ঠীর সঞ্চয় প্রবনতা বৃদ্ধি করে মূলধন সৃষ্টি এবং আয়বর্ধক কর্মকাণ্ডের মাধ্যমে দারিদ্র্যতা বিমোচন করা। প্রকল্পের আওতায় গঠিত ১.২০ লক্ষ গ্রাম সমিতির প্রায় ৫৭ লক্ষ সদস্য এ কর্মকাণ্ডে সম্পৃক্ত হয়েছেন। প্রকল্পের প্রাতিষ্ঠানিক রূপ পল্লী সঞ্চয় ব্যাংক। প্রকল্প ও ব্যাংকের গ্রাহকগণ প্রত্যন্ত অঞ্চলে বসবাস করেন। শহরাঞ্চলের চেয়ে প্রত্যন্ত পল্লী অঞ্চলে চিকিৎসা সেবা অপ্রতুল। শহরাঞ্চলে পর্যাপ্ত এম্বুলেন্স সার্ভিসের সুবিধা থাকলেও প্রত্যন্ত অঞ্চলে এ সুযোগ সীমিত, যার ফলে রোগী সময়মত হাসপাতাল/ডাক্তারের নিকট যেতে পারেন না। এতে অনেক রুগী চিকিৎসার অভাবে মৃত্যুবরণ করেন। প্রত্যন্ত অঞ্চলের জনগণের চিকিৎসা সেবা সহজলভ্য করার লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ড ২৯/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত ৫৬তম সভায় পল্লী এম্বুলেন্স/যাত্রী পরিবহন ক্রয় খাতে ঋণ বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করে এবং ২৪/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত ৫৭তম সভায় ঋণ প্রদান ও আদায় নীতিমালা অনুমোদন করে, যা নিম্নরূপঃ

- ১। **ঋণ প্রদানের খাত:** পল্লী এম্বুলেন্স/যাত্রী পরিবহন ক্রয়।
- ২। **ঋণ প্রদানের উদ্দেশ্য:** প্রত্যন্ত পল্লী অঞ্চলের জনগণ, ব্যাংকের শেয়ারহোল্ডার সমিতির সদস্য এবং প্রকল্প হতে ব্যাংকে স্থানান্তরের অপেক্ষায় সমিতির সদস্যদের চিকিৎসা সেবা সহজলভ্য এবং আয়ের সুযোগ সৃষ্টি করা।
- ৩। **অগ্রাধিকার ভিত্তিক ঋণ প্রাপ্তির যোগ্যতা:**
 - ৩.১ আবেদনকারীকে ব্যাংকের/আমার বাড়ি আমার খামার প্রকল্পভুক্ত সমিতির সদস্য হতে হবে।
 - ৩.২ পূর্বের ঋণ গ্রহণের লেনদেন অবশ্যই সন্তোজনক হতে হবে।
 - ৩.৩ যারা পূর্বে ঋণ গ্রহণ করেননি তারাও ঋণমঞ্জুরী কর্তৃপক্ষ কর্তৃক যোগ্য বিবেচিত হতে পারেন।
 - ৩.৪ অন্য কোনো ঋণ থাকাবস্থায় এ ঋণ প্রাপ্য নয়।
 - ৩.৫ মটর বাইক চালনায় পারদর্শী আবেদনকারীকে অগ্রাধিকার প্রদান করা যাবে।
- ৪। **ঋণের পরিমাণ:** সর্বোচ্চ ২.৫০ লক্ষ টাকা। অতিরিক্ত টাকার প্রয়োজন হলে ঋণ গ্রহীতাকে অতিরিক্ত টাকা নিজ অর্থ হতে জমা দিতে হবে।
- ৫। **ঋণের আবেদন প্রক্রিয়াকরণ:**
 - ৫.১ মাঠ সহকারী: সর্বোচ্চ ৩ দিনের মধ্যে যাচাই সমাপ্ত করবেন।
 - ৫.২ জুনিয়র অফিসার (মাঠ)/ফিল্ড সুপারভাইজার: সর্বোচ্চ ২ দিনের মধ্যে সন্তুষ্টি সাপেক্ষে আবেদন অগ্রায়ন করবেন।
 - ৫.৩ শাখা ব্যবস্থাপক: সর্বোচ্চ ২ দিনের মধ্যে মঞ্জুরকারী বরাবর মন্তব্যসহ প্রেরণ করবেন।
- ৬। **ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষ:** উপজেলা নির্বাহী অফিসার নোটে মঞ্জুর করবেন।
- ৭। **ঋণবিতরণ:**
 - ৭.১ যথানিয়মে ঋণ মঞ্জুর করার পর শাখা প্রধান কার্যালয়ে গাড়ী সরবরাহ করার জন্য অনুরোধ পত্র প্রেরণ করবে। ঋণ গ্রহীতা এবং শাখা ব্যবস্থাপককে স্পেসিফিকেশন অনুযায়ী গাড়ী যথাযথ অবস্থায় বুঝে নিয়ে প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে যা নথিতে সংরক্ষণ করতে হবে। মঞ্জুরীকৃত ঋণের টাকা ঋণ গ্রহীতার নামে পরিচালিত সঞ্চয়ী হিসাবে জমা হবে। ঋণ গ্রহীতার সঞ্চয়ী আমানত হিসাবকে বিয়োজন করে সরবরাহকারী প্রতিষ্ঠানকে গাড়ীর মূল্য পরিশোধ করার জন্য ঋণ গ্রহীতার নিকট হতে একটি সম্মতিপত্র গ্রহণ করতে হবে এবং অতঃপর ঋণ গ্রহীতার সঞ্চয়ী হিসাব বিয়োজন করে সরবরাহকারী প্রতিষ্ঠানের বরাবরে চেক ইস্যু করতে হবে। ঋণগ্রহীতাকে নগদে কোন টাকা প্রদান করা যাবে না। ব্যাংক কর্তৃক সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রদত্ত অগ্রীম (যদি থাকে) ঋণ গ্রহীতার হিসাব হতে সমন্বয় করতে হবে।

চলমান পাতা-২

পাতা-২

- ৭.২ ঋণ বিতরণের পর শাখার কম্পিউটার অপারেটর/ক্যাশ সহকারী ঋণ গ্রহীতার নামে ইস্যুকৃত পাশ বই এ ঋণের টাকা এন্ট্রি দিয়ে স্বাক্ষর করবেন।

৮। ঋণ পরিশোধের মেয়াদকাল:

- ৮.১ গাড়ী হস্তান্তরের প্রথম ৪ (চার) সপ্তাহ বাদে ঋণ পরিশোধের মেয়াদকাল হবে দুই বছর ছয় মাস।
৮.২ সাপ্তাহিক কিস্তিতে সুদসহ ঋণ পরিশোধ করতে হবে।
৮.৩ ঋণগ্রহীতা ইচ্ছা করলে নির্দিষ্ট মেয়াদের পূর্বে সম্পূর্ণ টাকা পরিশোধ করে হিসাবটি বন্ধ করতে পারবেন।

- ৯। মৃত্যু ঝুঁকি আচ্ছাদনে চীদা: নীতিমালা অনুযায়ী ঋণ বিতরণের সময় মৃত্যুঝুঁকি আচ্ছাদন স্কীমে নির্ধারিত হারে চীদা নগদে জমা প্রদান করবেন।

১০। প্রয়োজনীয় দলিলাদি:

- ১০.১ নির্ধারিত ফরমে আবেদনের সাথে ২ কপি পাসপোর্ট সাইজ ছবি।
১০.২ ঋণ গ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত/টিপসহ ডিপি নোট।
১০.৩ ব্যাংকের নিকট গাড়ীটি দায়বদ্ধ রাখার নিমিত্ত নির্ধারিত ফরমে ঋণ গ্রহীতার স্বাক্ষর/টিপ।
১০.৪ সমিতির ম্যানেজার/সভাপতি/সদস্যের মধ্যে ২ জন জামিনদার এবং জামিনদারের ২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
১০.৫ ব্যাংকের অনুমতি ব্যতীত গাড়ী বিক্রয় বা হস্তান্তর করা যাবেনা মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান।
১০.৬ কোন অবস্থাতেই গাড়ীটি হাইওয়ে ব্যবহার করতে পারবেনা। যদি করেন তবে এর দায়-দায়িত্ব ও ক্ষতির জন্য গ্রাহক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল।

১১। ঋণের সার্ভিস চার্জ:

- ১১.১ ঋণের সার্ভিস চার্জ বাৎসরিক ফ্ল্যাট রেটে ৮%।
১১.২ ঋণ গ্রহীতা নির্ধারিত তারিখের পূর্বে সম্পূর্ণ টাকা পরিশোধ করে হিসাবটি বন্ধ করতে চাইলে যতদিন ঋণ থাকবে ততদিনের সার্ভিস চার্জ প্রদান করে হিসাবটি বন্ধ করতে পারবেন।
১১.৩ নির্ধারিত সময়ের মধ্যে ঋণ পরিশোধ না করলে অতিরিক্ত যতদিন ঋণ থাকবে ততদিনের সুদ প্রদান করতে হবে।

১২। ঋণ আদায় পদ্ধতি:

- ১২.১ সাপ্তাহিক কিস্তিতে ঋণ পরিশোধ করতে হবে।
১২.২ “পল্লী লেনদেন” এর মাধ্যমে কিস্তি পরিশোধ করা যাবে। সেক্ষেত্রে লেনদেন ম্যানেজার ঋণের কিস্তি গ্রহণ করে পাশ বই এ স্বাক্ষর করবেন এবং মাঠ সহকারীও লেনদেন ম্যানেজার এর পাশে কাউন্টার স্বাক্ষর করবেন।
১২.৩ ঋণ গ্রহীতা শাখায় উপস্থিত হয়েও ঋণের কিস্তি প্রদান করতে পারবেন।
১২.৪ ঋণের কিস্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ঋণ গ্রহীতার সঞ্চয়ী আমানত হিসাবের মাধ্যমে সমন্বয় করতে হবে।

১৩। ঋণের তদারকি:

- ১৩.১ মাঠ সহকারী এবং জুনিয়র অফিসার (মাঠ)/ফিল্ড সুপারভাইজার সার্বিকভাবে তদারকি করবেন।
১৩.২ শাখা ব্যবস্থাপক সপ্তাহে ১ বার এবং জেলা কার্যালয়ের কর্মকর্তা মাসে ১ বার পরিদর্শন করবেন।
১৩.৩ ঋণ গ্রহীতা দৈনিক/সাপ্তাহিক আয় ও ব্যয়ের বিবরণী একটি রেজিস্টারে সংরক্ষণ করবেন।

১৪। গাড়ী রক্ষণাবেক্ষন:

- ১৪.১ গাড়ীটির ১ বছর ওয়ারেন্টি পিরিয়ড। ১ বছরের মধ্যে গাড়ী অকেজো হলে সরবরাহকারী প্রতিষ্ঠান বিনা মূল্যে মেরামত করে দেবে। গাড়ীর যন্ত্রাংশের পরিবর্তনের প্রয়োজন হলে ১ বছরের মধ্যে তাও সরবরাহকারী প্রতিষ্ঠান পরিবর্তন করে দেবে, এর জন্য গ্রাহককে কোনো টাকা প্রদান করতে হবেনা।
১৪.২ ১ বছর পর গ্রাহকের নিজ খরচে গাড়ী মেরামত করতে হবে।

১৫। রুট পারমিট, টাক্স প্রদান ও ডাইভিং লাইসেন্স, ইত্যাদি:

- ১৫.১ স্থানীয়ভাবে রুট পারমিটের প্রয়োজন হলে তা ঋণ গ্রহীতাকেই ব্যবস্থা করতে হবে।
১৫.২ রুট পারমিটের জন্য কোনো প্রকার টাক্স প্রয়োজন হলে তা ঋণ গ্রহীতাকে বহন করতে হবে।
১৫.৩ ডাইভিং লাইসেন্সের প্রয়োজন হলে ঋণ গ্রহীতার নিজ খরচ এবং উদ্যোগে তা করতে হবে।
১৫.৪ গ্রাহক, প্রয়োজনে, গাড়ীর বীমা করতে পারবে এবং এর জন্য যাবতীয় খরচ তাকে বহন করতে হবে।


৩০/১১/২০২০
মোঃ ইসমাইল মিয়া
সহকারী মহাপরিচালক


(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক
পল্লী সঞ্চয় ব্যাংক